ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩২০৬

আগরতলা, ১৩ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২৫-০৯-২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় 'পুরনো কাজে নতুন সাইনবোর্ড, গায়েব ২৫ লাখ' শিরোনামে প্রকাশিত সংবাদ পূর্ত দপ্তরের (ডিডব্লিউএস) দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এখানে উল্লেখ করা প্রাসঙ্গিক যে এটি মূলত কমলপুর, হালাহালি, গভীর নলকূপ (রেট্রোফিটিং) প্রকল্পে স্থাপিত প্রকল্প সম্পর্কিত তথ্য বোর্ড। এই প্রসঙ্গে এখানে উল্লেখ করা যায় যে, সহকারী বাস্তুকার পানীয় জল ও স্বাস্থ্য বিধান সাবডিবিশন, কমলপুর ঘটনাস্থল পরিদর্শন করেছেন এবং রিপোর্ট করেছেন যে, হালাহালি গভীর নলকূপ (রেট্রোফিটিং) (স্কিম আইডি-৪৮৯৪৫৮) প্রকল্পের পাশে প্রকল্প সম্পর্কিত তথ্য বোর্ড স্থাপন করা হয়েছে। কিন্তু কাজটি ইতিমধ্যে ২ (দুই) বছর আগেই সম্পন্ন হয়েছে যার Agreement No.49/EE/DWS/DIVN/KMP/2022-23, Work Order Date: 30/12/2022, এজেন্সী সাগর ঘোষ সরকার (সাব এজেন্সী লিটন ঘোষ) এবং Agreement No.52/ EE/ DWS/ DIVN/ KMP/ 2020-21, Work Order Date: 20/11/2020, পলাশ পাল। এই প্রকল্পের কাজের প্রকৃতির মধ্যে ছিল পাইপ লাইন সম্প্রসারন এবং রেট্রোফিটিং কার্যক্রমের অংশ হিসাবে হাইড্রেন্ট পোষ্ট এবং প্লেটফর্ম নিমার্ণের মাধ্যমে বাড়ি বাড়ি পানীয় জলের ব্যবস্থা করা। হাইড্রেন্ট পোষ্ট এবং প্লেটফর্ম সহ ৮১ (একাশি) টি বাড়িতে পানীয় জল সংযোগের জন্য প্রায় ৬,২৪,০০০ টাকার বিল সাব-ডিভিশান অফিস থেকে কমলপুর ডিভিশন অফিসে জমা করা হয়েছে। আই এম আই এস অনুসারে আনুমানিক খরচ ২৫,০০,০০০ টাকা রাখা হয়েছে এবং সেই অনুযায়ী সাইন বোর্ড প্রতিফলিত আনুমানিক খরচ ২৫,০০,০০০ টাকা। যদিও বিল ৬,২৪,০০০ টাকা উত্থাপিত হয়েছে কিন্তু আই এম আই এস অনুসারে ব্যয় শূন্য। অনুমোদিত বরাদ্ধকৃত অর্থ পাওয়ার পর ব্যয় ৬,২৪,০০০ টাকা হিসাবে প্রতিফলিত হবে।

এখানে আরও উল্লেখ্য যে, হালাহালিতে মূল গভীর নলকূপ প্রকল্পটি ২০০৪ সালের দিকে নির্মিত হয়েছিল। পরবর্তীকালে পানীয় জলের চাহিদা বিবেচনা করে প্রায় ৩(তিন) বছর আগে এই প্রকল্পটিকে একটি রেট্রোফিটিং প্রকল্প হিসাবে গ্রহন করা হয়েছিল, যার অধীনে পাইপলাইন সম্প্রসারনের মাধ্যমে ৮১ (একাশি) টি বাড়িতে হাইড্রেন্ট পোষ্ট এবং প্লেটফর্মের কাজ সম্পন্ন করা হয়েছে। এখানে উল্লেখ্য যে প্রকল্প সম্পর্কিত তথ্য বোর্ডটি সম্প্রতি অন্য একটি চুক্তির মাধ্যমে স্থাপন করা হয়েছে যদিও এই সম্পর্কিত কাজগুলি অনেক আগেই সম্পন্ন হয়েছিল।

*****